অধ্যায় 4

# ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন, 1902



## বিষয়সংক্ষেপ

[1] ভারতীয় জাতীয়তাবাদকে ধ্বংস করে ইংরেজদের ঔপনিবেশিক শাসনের স্বার্থরক্ষার্থে 1899 খ্রিস্টাব্দে লর্ড কার্জনকে ভারতে বড়োলাট করে পাঠানো হয়।

[2] 1902 খ্রিস্টাব্দের 27 জানুয়ারি তদানীন্তন বড়োলাট লর্ড কার্জনের নেতৃত্বে ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন (Indian Education Commission) গঠিত হয়েছিল।

[3] ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত মজবুত করতে লর্ড কার্জনের অনুসৃত কর্মসূচিতে ছিল—(i) শিক্ষা সম্মেলন (Education Conference) (ii) ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন, 1902 (Indian University Commission, 1902) (iii) ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন, 1904 (Indian University Act, 1904) (iv) সরকারি শিক্ষা বিষয়ক সিদ্ধান্ত (Govt's resolution on educational policy, 1904)।

[4] উচ্চশিক্ষার সংস্কারকল্পে 1902 খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে ভারতে যে শিক্ষা কমিশন গঠিত হয়েছিল, সেই শিক্ষা কমিশনই হল ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন, 1902। এই কমিশনে তদানীন্তন যে পাঁচটি বিশ্ববিদ্যালয় সংস্কারের ওপর জোর দেওয়া হয়েছিল সেগুলি হল—কলকাতা, মাদ্রাজ, বোম্বাই, এলাহাবাদ ও পাঞ্জাব।

[5] ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন 1902 খ্রিস্টাব্দের জুন মাসে উচ্চশিক্ষা ক্ষেত্রে যে যে সুপারিশ করে তার মধ্যে উল্লেখযোগ্য হল—(i) নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন, (ii) স্নাতকোত্তর পর্যায়ের পঠনপাঠন সংক্রান্ত আলোচনা, (iii) বিশেষ ক্ষমতা, (iv) বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক সীমা নির্ধারণ, (v) কলেজ প্রতিষ্ঠার শর্ত, (iv) পরীক্ষা ব্যবস্থার পুনর্বিন্যাস করা।

[6] ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশনের সুপারিশগুলি বাস্তবায়িত করতে লর্ড কার্জন 1904 খ্রিস্টাব্দের 21 মার্চ ইম্পিরিয়াল লেজিসলেটিভ কাউন্সিলে



Scanned by CamScanner

সেগুলি উপস্থাপন করেন। বিরোধীদের বিরোধিতা সত্ত্বেও কার্জন সাহেবের দক্ষতায় এটি পাস হয়ে আইনে পরিণত হয়। উক্ত আইনই হল ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন, 1904 (Indian University Act, 1904)।

[7] ভারতীয় বিশ্ববিদ্যালয় আইনের ধারাগুলির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হল—(i) বিশ্ববিদ্যালয়গুলিকে অধ্যাপক নিয়োগ, গ্রন্থাগার ও মিউজিয়াম স্থাপনের ক্ষমতা অর্পণ, (ii) বিশ্ববিদ্যালয়গুলি পরিচালনার জন্য পরিচালন সমিতিকে আইন প্রণয়নের ক্ষমতা অর্পণ, (iii) সিনেটের সদস্যসংখ্যা হবে 50 জন থেকে 100 জনের মধ্যে এবং এদের কার্যকাল নির্ধারিত হয় 5 বছর, (iv) সিন্ডিকেটের সদস্যসংখ্যার বিস্তৃতি 7 জন থেকে 15 জন, (v) সিনেট এবং সিন্ডিকেটের ওপর কলেজ অনুমোদন (Affiliation) ও পরিদর্শন (Inspection)-এর ভার অর্পণ, (vi) প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভৌগোলিক সীমা গভর্নর জেনারেল কর্তৃক নির্ধারণ প্রভৃতি।

[8] লর্ড কার্জন তাঁর শিক্ষা সংক্রান্ত দলিলে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে যে যে সুপারিশ করেছিলেন, তার শিরোনামে আছে—(i) প্রাথমিক শিক্ষাখাতে সিংহভাগ ব্যয়, (ii) শিক্ষা অধিকর্তার অনুমোদন, (iii) সহজসরল পাঠক্রম নির্ধারণ, (iv) শিক্ষার মাধ্যম হবে—মাতৃভাষা, (v) সরকারি সতর্কতা, (vi) শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, (vii) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অনুদান নীতি বাতিল, (viii) সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের দিকে গুরুত্ব প্রদান প্রভৃতি।

[9] লর্ড কার্জন তাঁর শিক্ষা সংক্রান্ত দলিলে মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত যে সুপারিশগুলি করেছিলেন, তাঁর শিরোনামে আছে—(i) নতুন বিদ্যালয় স্থাপনের পূর্বে সরকারি অনুমোদন, (ii) সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদন, (iii) আর্থিক অনুদান প্রদান, (iv) বিষয়বস্তুর সংযোজন, (v) শিক্ষার মাধ্যম হিসেবে—মাতৃভাষা, (vi) সরকারি পরিদর্শক নিয়োগ, (vii) নতুন বিদ্যালয় স্থাপন প্রভৃতি।

[10] ব্রিটিশ শাসনকে ভারতে দীর্ঘায়িত করার উদ্দেশ্যে লর্ড কার্জন ভারতে শিক্ষাসংস্কারের প্রয়োজনীয়তা বোধ করেন। এজন্য 1901 খ্রিস্টাব্দে তিনি সিমলায় প্রায় এক পক্ষকালব্যাপী যে শিক্ষা সম্মেলনের (Education Conference) আয়োজন করেছিলেন তাতে বিভিন্ন প্রদেশের শিক্ষা অধিকর্তা (Director of Public Instruction), উচ্চপদস্থ কিছু ইংরেজ কর্মচারী আমন্ত্রিত থাকলেও কোনো ভারতীয় শিক্ষাবিদ এতে আমন্ত্রিত ছিলেন না।

[11] লর্ড কার্জনের শিক্ষানীতি বিভিন্ন ক্ষেত্রে সমালোচিত হলেও বলা যায়, তিনি ভারতীয়দের প্রক্ষোভপুষ্ট মনের অস্থিরতা উপলব্ধি করে শিক্ষাব্যবস্থায় মাতৃভাষার প্রবর্তন, বিজ্ঞান শিক্ষার প্রসার, ইংরেজি শিক্ষার মানোন্নয়ন, বহুমুখী পাঠক্রমের প্রবর্তন-সহ নানাবিধ গুরুত্বপূর্ণ পরিবর্তন এনে শিক্ষাক্ষেত্রে দূরদর্শিতার পরিচয় দিয়েছেন।

Scanned by CamScanner

[2] **শিক্ষক-শিক্ষণ কলেজ স্থাপন:** শিক্ষকদের নতুন নতুন শিক্ষণ পদ্ধতির সঙ্গে পরিচিত হতে হবে এবং যথেষ্ট সংখ্যক শিক্ষক-শিক্ষণ কলেজ স্থাপন করতে হবে।

[3] **বিষয়বস্তুর সংযোজন:** মাধ্যমিক পাঠক্রমকে বাস্তবমুখী করার জন্য কিছু গুরুত্বপূর্ণ পাঠ্যবিষয় সংযোজন করতে হবে।

[4] **বিদ্যালয় স্থাপন:** শিক্ষার গুণগত মান বৃদ্ধির জন্য সরকার পরিচালিত কিছু বিদ্যালয় স্থাপন করতে হবে।

**9** **লর্ড কার্জন কত খ্রিস্টাব্দে ভারতে বড়োলাটের পদ অলংকৃত করেছিলেন? তিনি শিক্ষাসংস্কারের রূপরেখা তৈরি করতে কবে এবং কোথায় শিক্ষা সম্মেলনের আয়োজন করেছিলেন?**

**উত্তর ▶** লর্ড কার্জন 1899 খ্রিস্টাব্দে ভারতের বড়োলাটের পদ অলংকৃত করেছিলেন।

▶ লর্ড কার্জন 1901 খ্রিস্টাব্দে সিমলায় প্রায় এক পক্ষকালব্যাপী একটি শিক্ষা সম্মেলনের আয়োজন করেছিলেন।

**10** **লর্ড কার্জন তাঁর অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে কাদের আমন্ত্রণ জানিয়েছিলেন? উক্ত সম্মেলনে কোন্ কোন্ ভারতীয় শিক্ষাবিদ আমন্ত্রিত হয়েছিলেন?**

**উত্তর ▶** লর্ড কার্জন তাঁর শিক্ষা সম্মেলনে (Education Conference) বিভিন্ন প্রদেশের শিক্ষা অধিকর্তাদের এবং উচ্চপদস্থ কিছু ইংরেজ কর্মচারীকে আমন্ত্রণ জানিয়েছিলেন।


▶ কার্জনের মনে সন্দেহ, সংকোচ থাকায় তিনি উক্ত সম্মেলনে কোনো ভারতীয় শিক্ষাবিদকে আমন্ত্রণ জানাননি।

Scanned by CamScanner

বিভাগ ক

# রচনাধর্মী প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 10



**প্রশ্ন 1** লর্ড কার্জনের 'সরকারি শিক্ষা বিষয়ক সিদ্ধান্ত (1904)' (Government resolution on eudcational Policy)-এ প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা ও উচ্চশিক্ষা সম্পর্কে কী কী সুপারিশ করা হয়, উল্লেখ করো।

**উত্তর**

## 'সরকারি শিক্ষা বিষয়ক সিদ্ধান্ত (1904)'—এ প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা ও উচ্চশিক্ষা সম্পর্কিত সুপারিশসমূহ

লর্ড কার্জন সরকারি শিক্ষা বিভাগের প্রধানদের মতামতের ভিত্তিতে 1904 খ্রিস্টাব্দের 11 মার্চ একটি সরকারি শিক্ষা বিষয়ক সিদ্ধান্ত (Government resolution on educational Policy) তুলে ধরেন। এই দলিলে প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা ও উচ্চশিক্ষা সংক্রান্ত যে সুপারিশগুলি করা হয় সেগুলি হল—

### প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সুপারিশসমূহ

প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে বলা হয়—

[1] **প্রাথমিক শিক্ষার জন্য ব্যয়:** শিক্ষাখাতে প্রাপ্ত সরকারি অনুদানের সিংহভাগই প্রাথমিক শিক্ষার জন্য ব্যয়িত হবে।

[2] **শিক্ষা অধিকর্তার অনুমোদন:** প্রাথমিক শিক্ষাক্ষেত্রে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান কর্তৃক রচিত শিক্ষা পরিকল্পনা কার্যকারী করার পূর্বে প্রদেশের শিক্ষা অধিকর্তার (DPI) অনুমোদন নিতে হবে।

[3] **সহজ-সরল পাঠক্রম প্রণয়ন:** প্রাথমিক শিক্ষাক্ষেত্রে গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের জন্য পৃথক পাঠক্রম থাকবে। গ্রামাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য রচিত পাঠক্রম হবে সহজসরল এবং দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত।

[4] **মাতৃভাষার মাধ্যমে শিক্ষা:** প্রাথমিক শিক্ষাক্ষেত্রে মাতৃভাষাই হবে শিক্ষার একমাত্র মাধ্যম।

[5] **সরকারি সতর্কতা:** প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে বেসরকারি সংস্থা কর্তৃক মঞ্জুরিকৃত অর্থ যাতে অন্য খাতে ব্যয় না হয় সে বিষয়ে সরকারকে সতর্ক থাকতে হবে।

[6] **শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠান:** প্রাথমিক শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য সরকার শিক্ষক-শিক্ষণ ব্যবস্থাকে সম্প্রসারিত করবে ও প্রয়োজনভিত্তিক শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠান গড়ে তুলবে।

[7] **অনুদান নীতি বাতিল:** এই দলিলে বেসরকারি বিদ্যালয়গুলিতে পরীক্ষার ফলের ভিত্তিতে অনুদানের নীতি (Principle of payment by result) বাতিল করা হয়।

[8] **সংখ্যাগত এবং গুণগত মানোন্নয়নে গুরুত্ব প্রদান:** এই দলিলে প্রাথমিক শিক্ষার সংখ্যাগত ও গুণগত (Quantitative and qualitative) মানোন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়।

2020-4-2 08:47

Scanned by CamScanner